[redacted]

[redacted]

মর্গে নেওয়ার প্রক্রিয়া শুরু করেন।

এ সময় তিনি জানান, আমরা অজ্ঞাত একটি লাশ উদ্ধার করেছি। এখনো পর্যন্ত পরিচয় পাওয়া যায়নি। লাশটি শনাক্ত করার চেষ্টা চলছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরের ভৈরব নদে বস্তাবন্দি লাশ

মেহেরপুর সদর উপজেলার কুলবাড়িয়া হামেসাতলা সংলগ্ন ভৈরন নদ থেকে বস্তা বন্দি লাশ উদ্ধার করেছে পুলিশ।
আজ বৃহস্পতিবার রাত ৯টার দিকে বইকুণ্ডপুর পুলিশ ক্যাম্পের সদস্যরা লাশটি উদ্ধার করে। প্রাথমিক ধারণা করা হচ্ছে কোন মহিলার লাশ হবে এটি।
স্থানীয়দের বরাত দিয়ে আমাদের প্রতিনিধি জানান, কুলবাড়িয়া গ্রামের দুই জন ব্যক্তি সন্ধ্যার দিকে নদিতে গোসল করতে যায়। সেখানে গিয়ে দুর্গন্ধ পেলে তারা গন্ধের উৎস খোঁজারে চেষ্টা করে। পরে নদিতে একটি মুখবাধা বস্তা দেখতে পেয়ে পুলিশকে খবর দেয়। পুলিশ গিয়ে স্থানীয়দের সহযোগীতায় মুখ বস্তাটি নদি পাড়ে নিয়ে এসে বুঝতে পারে বস্তার মধ্যে লাশ রয়েছে। সেটি পঁচে দুর্গন্ধ ছড়াচ্ছে। প্রাথমিক ভাবে লাশটি মহিলা মানুষের বলে দাবি করা হচ্ছে। তবে এখনো লাশের পরিচয় সনাক্ত করা সম্ভব হয়নি।
বিস্তারিত আসছে..

শোলমারী বালিকা বিদ্যালয়ে

গণহত্যা দিবস পালন

মেহেরপুর সদর উপজেলার শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে গণহত্যা দিবস পালন করা হয়েছে। এ উপলক্ষে বৃহস্পতিবার সকালে বিদ্যালয়ের অডিটেরিয়ামে শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুব রহমান এর সভাপতিত্বে আলোচনা সভায় ২৫ মার্চ কালো রাতের স্মৃতিচারণ করে বক্তব্য দেন বীর মুক্তিযোদ্ধা আজহার মন্ডল।

এ সময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক ফারুক হোসেন, আব্দুল জাব্বার, মর্তুজা ফারুক, মমতাজ পারভিনসহ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্য মশিউর রহমান প্রমুখ। পরে ২৫ মার্চ রাতে শহীদদের আত্মার মাগফেরাত করে দোয়া পরিচালনা করেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক আব্দুল আলিম।

মেপ্র/এমএফঅর

ঝিনাইদহে ২০ বিঘা জমির পানবরজ আগুনে পুড়ে ছাই

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার দারিয়াপুর গ্রামে ২৫জন কৃষকের ২০ বিঘা জমির পানবরজ পুড়ে ছাই হয়েছে। বৃহস্পতিবার দুপুরে এই অগ্নিকান্ডের ঘটনা ঘটে।
ওই গ্রামের ক্ষতিগ্রস্থ কৃষক মিঠু মিয়া জানান, দুপুরে দারিয়াপুর গ্রামের সাহেব আলী নামের এক কৃষক তার গমের জমির আগাছা পুড়ানোর জন্য আগুন দেয়। সেই আগুনে তার পানবরজে লাগে। সেখান থেকে তা মূহুর্তে আশপাশের বরজে ছড়িয়ে পড়ে। খবর পেয়ে হরিণাকুন্ডু ফায়ার সার্ভিসের ২ টি ইউনিট ঘটনাস্থলে এসে স্থানীয়দের সহযোগিতায় আগুন নিয়ন্ত্রনে আনে। ততক্ষনে পুড়ে যায় ওই গ্রামের রাজু মিয়া, ইবাদত হোসেন, রুস্তম আলী, ইশারত আলী, নুর হক, মঞ্জের আলী, বিশারত আলী,

নিজাম উদ্দিন, লতিফ হোসেন, সৌরভ আলী, মকছেদ আলীসহ ২৫ জন কৃষকের প্রায় ২০ বিঘা জমির পান বরজ। এতে তাদের প্রায় ২০ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে জানিয়েছে কৃষি বিভাগের কর্মকর্তারা।
হরিণাকুন্ডু উপজেলা কৃষি কর্মকর্তা হাফিজ হাসান বলেন, অগ্নিকান্ডের ঘটনায় ২৫ জন কৃষকের প্রায় ২০লাখ টাকার ক্ষতি হয়েছে বলে ধারনা করা যাচ্ছে। কৃষি অফিস থেকে সরাসরি সাহায্য করার কোন প্রকল্প নেই। তবে আমরা ভবিষ্যতে প্রণোদনা বা প্রশিক্ষণ দিয়ে ক্ষতিগ্রস্থ এসব কৃষকদের সহযোগিতা করব।
হরিণাকুন্ডুর কাপাশহাটিয়া ইউনিয়নের চেয়ারম্যান শরাফতদৌলা ঝন্টু বলেন, এলাকার অনেক চাষী জমি লীজ নিয়ে পানের জমি আবাদ করেছিল। আগুনে তাদের সম্বলটুকু শেষ হয়ে গেল। এ অবস্থায় উপজেলা প্রশাসন, জেলা প্রশাসনের পক্ষ থেকে ক্ষতিগ্রস্থ এসব কৃষকদের সহযোগিতা করার আহ্বান করছি।
উল্লেখ্য, এর আগে ২৮ ফেব্রুয়ারি হরিনাকুন্ডুর মান্দারতলা গ্রামের ৩০ বিঘা ও ৪ মার্চ একই উপজেলার মকিমপুর গ্রামের ১০ বিঘা জমির পানবরজ পুড়ে ছাই হয়ে যায়।

চুয়াডাঙ্গায় আওয়ামী লীগ নেতার লাশ নিয়ে মিছিল

চুয়াডাঙ্গায় আওয়ামীলীগ নেতা জাহাঙ্গীর আলমকে পিটিয়ে হত্যার প্রতিবাদে লাশ নিয়ে মিছিল করেছে জেলা আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতা-কর্মিরা। বৃহস্পতিবার বেলা ১২টায় চুয়াডাঙ্গা সদর হাসপাতাল থেকে জাহাঙ্গীর আলমের লাশ নিয়ে মিছিল শুরু হয়। শহর প্রদক্ষিণ শেষে মিছিল এসে শেষ হয় জেলা আওয়ামীলীগ কার্যালয়ে।

মিছিল শেষে সংক্ষিপ্ত প্রতিবাদ সভায় বক্তৃতা করেন জেলা আওয়ামীলীগের সভাপতি ও চুয়াডাঙ্গা-০১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন, যুবলীগ নেতা আব্দুল কাদের, আরেফিন আলম রঞ্জু ও মোহাইমান হাসান জোয়ার্দ্দার অনিক প্রমুখ।

প্রতিবাদ সভা থেকে বলা হয়, আওয়ামীলীগ নেতা জাহাঙ্গীর আলম হত্যার সাথে জড়িতদের পুলিশ আগামি শনিবারের মধ্যে গ্রেপ্তার করতে না পারলে রবিবার আধাবেলা হরতাল ও বিকেলে প্রতিবাদ সমাবেশ করা হবে।

প্রসঙ্গত, চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের ১নং ওয়ার্ড আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলমকে বুধবার বিকেলে পিটিয়ে হত্যা করে প্রতিপক্ষরা। চিত্রা নদী থেকে বালু তোলার বিরোধে এ হত্যাকান্ড সংগঠিত হয় বলে পুলিশের ধারণা। এ ব্যাপরে থানায় হত্যা মামলা দায়ের হয়েছে। ময়না তদন্ত শেষে আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১১টায় চুয়াডাঙ্গা সদর হাসপাতাল থেকে স্বজনদের কাছে লাশ হস্তান্তর করা হয়। এরপরই লাশ নিয়ে শুরু হয় মিছিল।

মেহেরপুরে বিস্ফোরক মামলায় ইউপি সদস্যসহ ৪ আসামীর ৭ বছর কারাদন্ড

মেহেরপুরের গাংনীতে বিস্ফোরক মামলায় ইউপি সদস্যসহ ৪ আসামীকে ৭ বছরের কারাদন্ড ও ১১ আসামীকে বেকসুর খালাস দিয়েছে আদালত।

বৃহস্পতিবার দুপুরের দিকে মেহেরপুর স্পেশাল ট্রাইব্যুনাল ২য় আদালতের বিচারক রিপন্তি কুমার বিশ্বাস এ রায় ঘোষনা করেন। দন্ডিত আসামীরা হলেন গাংনী উপজেলার রায়পুর ইউনিয়নের চাঁদপুর গ্রামের ৮ নং ওয়ার্ডের সদস্য হাসান আলী, ইয়াদুল ইসলাম, সুরুজ আলী ও নুহু আলী। রায় ঘোষনার সময় ইউপি সদস্য হাসান আলী আদালতে উপস্থিত থাকলেও অন্য আসামীরা পলাতক রয়েছেন।

মামলার বিবরণে জানা গেছে, ২০১২ সালের ১২ ফেব্রুয়ারী মধ্যরাতে গাংনী-হাটবোয়ালিয়া সড়কের মালসাদহ এলাকায় সংঘবদ্ধ ডাকাত দল ডাকাতি করার প্রস্তুুতি নিচ্ছিল। এমন সংবাদের ভিত্তিতে গাংনী থানা পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছালে সন্ত্রাসীরা পুলিশকে লক্ষ্য করে বোমা বিস্ফোরণ ঘটায়। এ সময় পুলিশ পাল্টা গুলি চালায়। সন্ত্রাসীরা পালিয়ে যাওয়ার সময় হাসান, ইয়াদুল, সুরুজ ও

নুহুকে গ্রেপ্তার করেন। ওই ঘটনায় গাংনী থানার এসআই জয়নাল আবেদীন বাদি হয়ে ১৫ জনকে আসামি করে একটি মামলা দায়ের করেন। পরে মামলার তদন্তকারী কর্মকর্তা গাংনী থানার এস আই টিপু সুলতান প্রাথমিক তদন্ত শেষে আদালতে চার্জশিট দাখিল করেন।

মামলায় সাক্ষী প্রমানের ভিত্তিতে আদালত রায় ঘোষনা করেন। মামলায় রাষ্ট্রপক্ষে অতিরিক্ত পিপি কাজী শহীদুল হক ও আসামী পক্ষে জিল্লুর রহমান আইনজীবীর দায়িত্ব পালন করেন।

মুজিব শতবর্ষ উৎযাপন করলো চুয়াডাঙ্গা প্রেসক্লাব

কেক কাটা ও আলোচনা সভার মধ্য দিয়ে চুয়াডাঙ্গা প্রেসক্লাবে মুজিব শতবর্ষ উৎযাপন করা হয়েছে। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে বৃহস্পতিবার দুপুরে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রেসক্লাব সভাপতি সরদার আল আমিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা আওয়ামীলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক ও সাবেক পৌর মেয়র রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন। বিশেষ অতিথি ছিলেন প্রেসক্লাবের সাধারণ সম্পাদক রাজীব হাসান কচি, সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক বিপুল আশরাফ ও সাবেক সভাপতি মাহতাব উদ্দিন।

উত্তর নারায়ণ পুর মাধ্যমিক

বিদ্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত

উত্তর নারায়ণ পুর মাধ্যমিক বিদ্যালয়ে ২৬ শে মার্চ উপলক্ষে আলোচনা সভা ও দোয়ার অনুষ্ঠান সম্পন্ন হয়েছে।
উত্তর নারায়ণ পুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, মোঃ আবু দাউদ বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং উত্তর নারায়ণ পুর মাধ্যমিক বিদ্যালয় ও উত্তর নারায়ণ পুর মডেল দাখিল মাদ্রাসার সভাপতি মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ। এছাড়াও উপস্থিত ছিলেন, উত্তর নারায়ণ পুর গ্রামের বীর মুক্তিযোদ্ধা মোঃ শরিফুল ইসলাম। এ সময় বীর মুক্তিযোদ্ধা মোঃ শরিফুল ইসলামের সাথে শুভেচ্ছা বিনিময় করেন অত্র প্রতিষ্ঠানের সভাপতি মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ ও প্রাধান শিক্ষক মোঃ আবু দাউদ বিশ্বাস। এছাড়াও উপস্থিত ছিলেন, অত্র প্রতিষ্ঠানের সহকারী প্রধান শিক্ষক মোঃ সোহেল রানা সহ অন্যান্য শিক্ষকবৃন্দ।

করোনায় আক্রান্ত হয়ে মেহেরপুরের মুক্তিযোদ্ধা লালার মৃত্যু

করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন মেহেরপুরের বীর মুক্তিযোদ্ধা লুৎফর রহমান লালা। আজ ভোরে শেখ রাসেল গ্যসেট্রালিভার ইনিস্টিটিউট ও হাসপাতালে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্নালিল্লাহি রাজিউন)।

তাঁর পারিবরিক সূত্রে জানা যায়, গত ২৩ তারিখ মঙ্গলবার ধানমন্ডির ইডেন মাল্টিকেয়ার হাসপাতালে কোভিড-১৯ পজেটিভ রিপোর্ট পাওয়া যায়। বুধবার অবস্থার অবনতি হলে তাকে শেখ রাসেল গ্যসেট্রালিভার ইনিস্টিটিউট নেয়া হয়। সেখানে লাইফ সাপোর্টে থাকাকালীন অবস্থায়

তিনি মৃত্যুবরণ করেন।

মরহুমের নামাজে জানাজা মহম্মদপুর সাত মসজিদ প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়েছে আজ সকাল ১১টায়। বীরমুক্তিযোদ্ধাকে মহম্মদপুর ঢাকা প্রশাসন রাষ্ট্রীয়মর্যাদা প্রদান করে মহম্মদপুর বুদ্ধিজীবী কবরস্থানে দাফন করা হয়।

তিনি মুক্তিযুদ্ধের ৮নং সেক্টরের সেক্টটর কমান্ডার মেজর এম মঞ্জুরের অধীন মুক্তিযুদ্ধে অংশগ্রহন করেছিলেন।

তাঁর যুদ্ধের সংক্ষিপ্ত বিবরণে জানা যায় তিনি বৈদ্যনাথতলা (মুজিবনগর) এবং চুয়াডাংগা মেহেরপুর সংযোগ ব্রীজটি তিনি নিজ হাতে ধ্বংস করেন। মরহুম তার স্ত্রী ও দ্ইু কন্যা রেখে গেলেন।

মুজিবনগরে গণহত্যা দিবসের আলোচনা সভা

বাংঙ্গালী জাতির ভয়াবহ রাত ২৫ মার্চ সেই কালো রাত কে স্বরণ করতে কালো রাত্রির শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলী দিয়ে ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২১ উদযাপন উপলক্ষে আলোচনা সভা করেছে মুজিবনগর উপজেলা প্রশাসন।

বৃস্পতিবার সকালে উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার এর সভাপতিত্বে এবং উপজেলা সমাজ সেবা অফিসার আব্দুর রব এর সঞ্চালনায় উপজেলা পরিষদ মিলনয়াতনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
আলোচনা সভায় ২৫ শে মার্চ এর স্মৃতি চারণ করে বক্তব্য রাখেন উপজেলা সহকারি কমিশনার ভৃমি নাজমুল আলম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ড।
উপস্হিত ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম,উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা: মোহা: নজরুল ইসলাম, আনসার ভিডিপি কর্মকর্তা ফেরদৌসী আরা, বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন সহ উপজেলার বীর মুক্তিযোদ্ধা ও উপজেলার কর্মকর্তাবৃন্দ।